



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল: dgmpid@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/ ১৩১(২১০০)

তারিখঃ ২৭/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকার ১৭.০৭.২০২৩ তারিখের পত্র নং-প্রকা/শানিবাউবি-১(০৪)/২০২৩-২০২৪/৮৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য অত্র ব্যাংকের বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২২,২০০.০০(বাইশ হাজার দুইশত) কোটি টাকা নির্ধারণ করা হয়। তন্মধ্যে, কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১,২০০.০০ (এক হাজার দুইশত) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এক্ষণে, উক্ত অনুমোদিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বিভাজন করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রঃনং	বিভাগের নাম	প্রকল্প ঋণ	চলমান ঋণ	গ্রিন ব্যাংকিং	সর্বমোট
১	ঢাকা	৩০.০০	১১০.০০	৬.০০	১৪৬.০০
২	ময়মনসিংহ	৫.০০	১০.০০	২.০০	১৭.০০
৩	চট্টগ্রাম	১০.০০	৫০.০০	২.০০	৬২.০০
৪	খুলনা	৫.০০	১০.০০	৩.০০	১৮.০০
৫	বরিশাল	৫.০০	১০.০০	২.০০	১৭.০০
৬	সিলেট	৫.০০	৬৫.০০	২.০০	৭২.০০
৭	কুমিল্লা	৫.০০	১০.০০	২.০০	১৭.০০
৮	ফরিদপুর	৫.০০	১০.০০	২.০০	১৭.০০
৯	কুষ্টিয়া	৫.০০	১৫.০০	২.০০	২২.০০
১০	এলাপিও	১০০.০০	৭১০.০০	২.০০	৮১২.০০
	মোটঃ	১৭৫.০০	১০০০.০০	২৫.০০	১২০০.০০

- বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার আলোচ্য খাতের ঋণস্থিতি, বিগত বছর অঞ্চলসমূহের এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগীয় কার্যালয়সমূহ বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রা অত্র বিভাগকে অবহিত করবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণপূর্বক চলমান বছরের (২০২৩-২০২৪ অর্থবছর) শুরু থেকেই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে গুরুত্ব আরোপ করতে হবে :

- ৩০ জুন, ২০২৩ তারিখ ভিত্তিক কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ঋণ স্থিতি, বিগত বছর অঞ্চলসমূহের এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। তবে, শাখা/অঞ্চলসমূহে নির্ধারিত লক্ষ্যমাত্রা পুনঃবন্টনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী কার্যালয় কর্তৃক লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করা যাবে;
- শাখার আওতাধীন এলাকায় কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের সম্ভাব্যতা চিহ্নিত করে একটি তালিকা প্রস্তুতপূর্বক বছরের শুরু থেকেই গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে পারফরমিং এ্যাসেট বৃদ্ধি করতে হবে ;
- পরিবেশবান্ধব অর্থায়ন জোরদারকরণের লক্ষ্যে অত্র ব্যাংকের পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং- ০১/২০১২, তারিখঃ ২৭/০২/২০১২ মূলে জারীকৃত গ্রিন ব্যাংকিং নীতিমালা এবং ক্রেডিট বিভাগের পত্র নং- ২২৭৯(১২৫০), তারিখঃ ২৪/০৩/২০২১ মূলে জারীকৃত টেকসই অর্থায়ন নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক গ্রিন ব্যাংকিং খাতে “পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম”-এর আওতায় ৬৮টি পণ্য/প্রকল্প/উদ্যোগে ঋণ বিতরণের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
- আলোচ্য খাতে বিদ্যমান ঋণ হিসাবসমূহ নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। এছাড়া ঋণ গ্রহিতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রতিমাসে প্রতি শাখায় কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাতে কমপক্ষে ০২ (দুই) জন ও গ্রিন ব্যাংকিং খাতে কমপক্ষে ০১ (এক) জন নতুন গ্রাহককে ঋণ প্রদান করতে হবে ;

চলমান পাতা-০২


বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

- ৬) শাখা/অঞ্চল/মুখ্য অঞ্চল/বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বিদ্যমান চলতি মূলধন ঋণ হিসাবসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিম্পনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে ঋণ প্রস্তাব মেয়াদপূর্তির দুই মাস পূর্বেই গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে।
- ৮) কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে যোগ্য আবেদন সমূহের ক্ষেত্রে অত্র ব্যাংকের “ক্রেডিট পলিসি ও অপারেশন ম্যানুয়েল-২০১৯” (নং-প্রকা/এমপিডি(প্রশাসন) পরিপত্র নং-১৪/২০১৯, তারিখঃ ১৪.১২.২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- ৯) নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা/অঞ্চল সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে যাতে লক্ষ্যমাত্রার শতাংশ অর্জন নিশ্চিত করা যায়; এবং
- ১০) শাখাসমূহকে সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকালে আলোচ্য খাতসমূহে ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদি নির্ভুলভাবে রিপোর্টিং নিশ্চিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, সম্ভাবনাময় গ্রাহক নির্বাচনের মাধ্যমে প্রচলিত নীতিমালা অনুসরণ করে কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ও গ্রিন ব্যাংকিং খাতে ২০২৩-২০২৪ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতাংশ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ে উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহঃ খালেদুজ্জামান)


মহাব্যবস্থাপক

নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/ ২১২(০২৫০)

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নথি/মহানথি।


(মোহাম্মদ মঈনুজ্জামান ইসলাম)
উপমহাব্যবস্থাপক